

নম্বর ৪০.০০.০০০০.০১২.৩১.০০২.১৭.১২১

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮


০২ সেপ্টেম্বর ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির  
স্বমূল্যায়নের ওপর ফিডব্যাক সভা

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-  
পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির স্বমূল্যায়নের ওপর ফিডব্যাক সভা আগামী ০৮ সেপ্টেম্বর ২০২১; বুধবার;  
সকাল ১১.০০ ঘটিকায় এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শাকিলা জেরিন আহমেদ,  
যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)-এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৪২২, ভবন নং-০৭) স্বাস্থ্যবিধি মেনে  
অনুষ্ঠিত হবে। উক্ত সভায় দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে  
(সংযুক্ত সময় অনুযায়ী) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১-এর বাস্তবায়ন অগ্রগতির  
স্বমূল্যায়ন প্রতিবেদনসহ অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সময়সূচি



২-৯-২০২১

মোঃ মহিদুর রহমান

উপসচিব

ফোন: ৯৫১৩৫৫৩

ফ্যাক্স: ৯৫৭৫৫৮৩

ইমেইল: section2@mole.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রধান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, (অধিনস্থ  
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে উক্ত সভায় অংশগ্রহণের নির্দেশনার অনুরোধসহ)
- ২) উপসচিব, সমন্বয় শাখা ও শুদ্ধাচার বিকল্প পয়েন্ট কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৩) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), সেবা শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সভাকক্ষ প্রস্তুত ও আপ্যায়নের প্রয়োজনীয়  
ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪) উপসচিব, নিরাপত্তা-২ শাখা, জননিরাপত্তা বিভাগ (সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি

প্রদানের অনুরোধসহ)।

৫) সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭) ব্যক্তিগত কর্মকর্তা, সমন্বয় ও আদালত অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৮) প্রশাসনিক কর্মকর্তা, সেবা শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৯) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।